

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 19-12-2024**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**CM-Dental College :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন রাজ্যে সফলভাবে কিডনি প্রতিস্থাপন হওয়ার পর লিভার প্রতিস্থাপন ও বোন ম্যারো প্রতিস্থাপনেরও পরিকল্পনা রয়েছে সরকারের। আগরতলা টাউন হলে গতকাল আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজের দ্বিতীয় প্রতিষ্ঠা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, বর্তমানে চিকিৎসার ভালো পরিকাঠামো রয়েছে রাজ্যে।

\*\*\*\*\*

**Meeting of BSF, Police :**

আগরতলায় NEC অধিবেশনের প্রাক্কালে নিরাপত্তা ব্যবস্থা পর্যালোচনা করেছেন মুখ্য সচিব জে কে সিনহা সহ পুলিশ ও বিএসএফের একটি উচ্চ পর্যায়ের টিম। বিএসএফ শালবাগান সদর দপ্তর থেকে জানানো হয়েছে, মুখ্যসচিব ছাড়াও ত্রিপুরা পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন, বিএসএফের পূর্বাঞ্চল বিভাগের অতিরিক্ত মহানির্দেশক রবি গান্ধী, বিএসএফের ত্রিপুরা ফ্রন্টিয়ারের আইজি অশ্বনি কুমার শর্মা গতকাল ধলাই জেলা ও সিপাহিজলা জেলার এনসি নগর সীমান্তে পরিদর্শন করেছেন। নিরাপত্তার পরিস্থিতি ও অপারেশনাল প্রস্তুতি সম্পর্কে পর্যালোচনা করেছেন উচ্চ পর্যায়ের এই টিম। বিএসএফ আরও জানায়, বিএসএফ-এর সীমান্তে পাহাড়া, আন্তঃসীমান্ত অপরাধ দমন, অবৈধ চোরাচালান মানব পাচারের বিরুদ্ধে ব্যবস্থা, গাঁজা ধ্বংস অভিযান, সীমান্তের নিরাপত্তা বিষয়ে পর্যালোচনা করা হয়েছে। সীমান্ত বেড়ার সামনে বসবাসকারী জনসংখ্যা এবং গ্রামগুলিকে স্থানান্তরের পরিকল্পনা, রাস্তা সংযোগ এবং বিওপি, জমিতে বিদ্যুৎ

সরবরাহ অধিগ্রহণ মামলা ইত্যাদি গভীরভাবে আলোচনা করা হয়েছে। মুখ্য সচিবের নেতৃত্বে সোনামুড়া মহকুমার এন সি নগরে এই বৈঠক হয় ।

.....

**ADG BSF meet Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাঙ্গুর সঙ্গে গতকাল সন্ধ্যায় রাজভবনে সৌজন্যমূলক সাক্ষাৎ করেছেন বিএসএফের পূর্বাঞ্চল কমান্ডের অতিরিক্ত মহানির্দেশক রবি গান্ধী এবং ত্রিপুরা ফ্রন্টিয়ারের আইজি অশ্বনী কুমার শর্মা । বিএসএফ এক বিবৃতিতে জানিয়েছে, সাক্ষাতের সময় বিএসএফের অতিরিক্ত মহানির্দেশক শ্রী গান্ধী ত্রিপুরার সীমান্তের বর্তমান পরিস্থিতি ও সীমান্তরক্ষা বাহিনীর প্রস্তুতি সম্পর্কে রাজ্যপালকে অহবিত করেন। রাজ্যপাল শান্তি ও নিরাপত্তা বজায় রাখার জন্য বিএসএফের প্রচেষ্টার প্রশংসা করেছেন।

\*\*\*\*\*

**Sushanta Chowdhury-Meeting :**

আগামী ২৫শে ডিসেম্বর থেকে পয়লা জানুয়ারী পর্যন্ত ৭ দিনব্যাপী জিরানীয়ার দশমীঘাটে ত্রিপুরেশ্বরী কুম্ভমেলা আয়োজনের প্রস্তুতি নেওয়া হয়েছে । এ উপলক্ষ্যে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরোহিত্যে গতকাল জিরানিয়া মহকুমা শাসকের কার্যালয়ে প্রস্তুতি বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদ, পশ্চিম ত্রিপুরা জেলা প্রশাসন, জিরানিয়া নগর পঞ্চায়েত, সমষ্টি উন্নয়ন ব্লক, পঞ্চায়েত সমিতি সহ জিরানিয়া মহকুমার অন্তর্গত বিভিন্ন স্তরের জনপ্রতিনিধি ও প্রশাসনিক আধিকারিকরা উপস্থিত ছিলেন। বৈঠকে মন্ত্রী মেলা ও উৎসব সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য আধিকারিকদের নির্দেশ দেন।

\*\*\*\*\*

**Congress :**

আর্থিক দুর্নীতি, ও হিংসাদীর্ণ মনিপুর নিয়ে কেন্দ্রীয় সরকারের কথিত নীরব ভূমিকার প্রতিবাদে ত্রিপুরা প্রদেশ কংগ্রেসের উদ্যোগে গতকাল রাজভবন অভিযান করা হয়। এই কর্মসূচী সম্পর্কে প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা দাবী করেন, শিল্পপতি গৌতম আদানির আর্থিক দুর্নীতি এবং প্রতারণার পাশাপাশি মণিপুরের একটি বড় অংশের মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন। কিন্তু এই ব্যাপারে কেন্দ্রীয় সরকার কোন ধরনের ভূমিকা গ্রহন করছে না। সর্বভারতীয় কংগ্রেস কমিটির নির্দেশে অন্যান্য রাজ্যের সঙ্গে ত্রিপুরাতেও রাজভবন অভিযান কর্মসূচির মাধ্যমে রাজ্যপালের কাছে তাদের দাবী সনদ পেশ করা হয়েছে। এর আগে আগরতলা প্রেসক্লাবের সামনে থেকে একটি মিছিল শুরু হয়ে সার্কিট হাউস সংলগ্ন এলাকায় গিয়ে শেষ হয়। সেখান থেকে প্রদেশ কংগ্রেসের তরফে এক প্রতিনিধি দল রাজভবনে গিয়ে রাজ্যপালের হাতে তাদের দাবী সনদ তুলে দেন।

\*\*\*\*\*

#### **Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে ডিসেম্বর রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত' - এর ১১৭তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত' -এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

\*\*\*\*\*

#### **Awariness programme :**

মাদকের অপব্যবহার এবং তার কুপ্রভাব সম্পর্কে ছাত্র-ছাত্রীদের সচেতন করতে গতকাল বিলোনিয়ায় শিল্প প্রশিক্ষণ কেন্দ্রে এক সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। সভায় জাতীয় তামাক নিয়ন্ত্রণ কর্মসূচির দক্ষিণ জেলার সংযোজক ডা: অলক দাস, অডিও - ভিজ্যুয়ালের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের মাদকের অপব্যবহারের বিপদগুলি সম্পর্কে অবহিত করেন।

\*\*\*\*\*

## Weather...

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়, আকাশ অংশত মেঘলা থাকবে। সকালের দিকে কুয়াশা থাকবে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩.১ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৭ ডিগ্রির কাছাকাছি।

\*\*\*\*\*

\*\*\*\*\*